

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নিবন্ধন পরিদপ্তর  
১৪, আব্দুল গণি রোড, ঢাকা।

পরিপত্র

লক্ষ্য করা যাইতেছে যে, বিভিন্ন জেলা রেজিস্ট্রী অফিস হইতে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর এর খাতের নাম, আদায়, স্থানীয় ব্যাংকে জমা, স্থানীয় অফিসে নগদ হাতে থাকা টাকার পরিমাণ, জেলার প্রধান ব্যাংকে নীট জমাকৃত টাকার পরিমাণ, আই.জি.আর তহবিল হইতে অর্থের পরিমাণ, আই.জি.আর তহবিলের উদ্ভূত সংক্রান্ত মাসিক হিসাব বিবরণী পরবর্তী মাসে ১ম সপ্তাহে স্ব স্ব খাতে ব্যাংক বিবরণী ফ-৭৩ সহ পরিদপ্তরে যথারীতি প্রেরণ করা হয় না। ফলে পরিদপ্তরের পক্ষে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর আদায়, জমা, সুষ্ঠু হিসাবরক্ষণসহ আই.জি.আর তহবিলের আয় ও ব্যয়ের সঠিক হিসাব নিরূপণ করা বিঘ্ন সৃষ্টি হইতেছে। উল্লিখিত সমস্যা নিরসনকল্পে নিম্নোক্ত নির্দেশাবলী জারী করা হইলঃ-

- ১। প্রত্যেক মাসের মাসিক বিবরণী পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে পরিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণ।
- ২। প্রতি মাসের হিসাব বিবরণীর সহিত স্ব স্ব খাতে জমার সমর্থনে ব্যাংক বিবরণী ফ-৭৩ (ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নসহ) প্রেরণ।
- ৩। চেক রেজিস্টার, চেক বহি, চেকের মুড়ি বহি, জেলা রেজিস্ট্রারগণের হেফাজতে সংরক্ষণ করিতে হইবে।
- ৪। টি.সি শাখার কর্মচারীদের বিলসমূহ যাচাই অন্তে চেক ইস্যু করিতে হইবে।
- ৫। চেক ইস্যুর পূর্বে পূর্ববর্তী মাসের আই.জি.আর তহবিলের স্থিতি যাচাইক্রমে চেক ইস্যু করিতে হইবে।
- ৫। প্রত্যেক মাসে জেলার মফঃস্বল ও সদর সাব-রেজিস্ট্রী অফিস হইতে স্থানীয় ব্যাংকে জমাকৃত অর্থ যাহাতে জেলার প্রধান শাখায় জমা হয় তাহা নিশ্চিতকরণের ব্যবস্থা করিতে হইবে।
- ৬। জেলার প্রধান শাখা অর্থাৎ যে শাখা হইতে টি.সি শাখার কর্মচারীদের বেতন ভাতাসহ অন্যান্য প্রাসঙ্গিক খরচাদি মেটানো হয় সেই শাখায় পরিমাণমত অর্থ রাখিয়া অবশিষ্ট অর্থ স্থানান্তরের ব্যবস্থা করিতে হইবে।

স্বাক্ষরিত  
(খান মোঃ আবদুল মান্নান)  
(জেলা ও দায়রা জজ)  
মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-নিপ/টি.সি./১১/১০৬৯(১৩৩)/টি.সি.

তাং- ২৮-১১-২০১২ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় জ্ঞাতার্থে।

- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় জ্ঞাতার্থে।
- ৩। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় জ্ঞাতার্থে।
- ৪। মাননীয় সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় জ্ঞাতার্থে।
- ৫। পরিদর্শক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট বিভাগীয় রেজিস্ট্রী অফিসসমূহ।
- ৬। জেলা রেজিস্ট্রার, (সকল)। তাঁহার অধীনস্থ সকল সাব-রেজিস্ট্রারগণকে অবহিতকরণসহ প্রত্যেক মাসের মাসিক বিবরণী পরবর্তী মাসের ১ম সপ্তাহে সকল খাতের ব্যাংক বিবরণী ফ-৭৩ (ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নসহ) পরিদপ্তরে প্রেরণের ব্যবস্থাকরণ।
- ৭। প্রধান সহকারী, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
- ৮। প্রধান সহকারী, জেলা রেজিস্ট্রারের কার্যালয়।

স্বাক্ষরিত  
২৮-১১-২০১২  
(খান মোঃ আবদুল মান্নান)  
(জেলা ও দায়রা জজ)  
মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ, ঢাকা।